

তারিখ 21 JUL 88
পৃষ্ঠা 4

ক্ষেত্রিক সংবাদি

015

**কিণ্ডারগাটেন ও বেসরকারী
স্কুলের পাঠ্যসূচী ও বই
সরকার অনুমোদিত হতে হবে**
১৯৮৯। শিক্ষাবছর থেকে
সরকারের অনুমোদন ব্যতীত
কোন পাঠ্যসূচী ও বই কিণ্ডার-
গাটেন ও বেসরকারী স্কুলসমূহের
পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা যাবে
না।

(শেষ পৃঃ ৩-এর কঃ সঃ)

কিণ্ডার গাটেন

(১ম পাতার পর)

দেশের সকল কিণ্ডারগাটেন
ও বেসরকারী স্কুলকে তাদের
পাঠ্যসূচী ও বইসমূহ সরকারের
অনুমোদনের জন্য আগামী ৩০শে
সেপ্টেম্বরের মধ্যে জাতীয় শিক্ষা-
ক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ার-
ম্যান (টেক্সট বুক ভবন, ৬৯-৭০,
মতিঝিল বাণিজ্যিক এলাকা,
চাকা)-এর নিকট, তার নেতৃত্বে
এ বিষয়ে গঠিত একটি বিশেষ
কমিটির নিকট দাখিল করতে
বলা হয়েছে।

উল্লেখ্য, বর্তমানে দেশের
সকল সরকারী ও সরকার স্বীকৃত
এবং সাহায্যপ্রাপ্ত স্কুল সাধা-
রণত জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট
বুক বোর্ড কর্তৃক অনুমোদিত
বই তাদের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত
রাখে। কিন্তু কিণ্ডারগাটেন ও
বেসরকারী স্কুলসমূহ অনেক সময়
এখন সব বই তাদের পাঠ্যসূচীর
অন্তর্ভুক্ত করে, যা জাতীয় শিক্ষা-
ক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক
অনুমোদিতও নয় এবং যা ছাত্র-
ছাত্রীদের দেশ ও পরিবেশ সম্পর্কে
ভুল ধারণা দিতে পারে। তাই
আগামী শিক্ষা বছর অর্ধে ১৯৮৯
সালে কিণ্ডারগাটেন ও বেসর-
কারী স্কুলসমূহ যেসব পাঠ্যসূচী
এবং বই তাদের পাঠ্যসূচীর অন্ত-
ভুক্ত করতে চায়, তা তাদেরকে
অধিকাই সরকার কর্তৃক অনুমো-
দন করাতে হবে। অবৰ তথ্য
বিবরণীর।